অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে CUNY আনুষ্ঠানিকভাবে অপরিশোধিত ব্যালেন্সসহ শিক্ষার্থী এবং গ্র্যাজুয়েটদের ট্রান্সক্রিপ্ট আটকে রাখার অনুশীলন বন্ধ করবে

এটি গভর্নরের 2022 স্টেট অফ দ্য স্টেটে সকল কলেজ ও ইউনিভার্সিটিতে ট্রান্সক্রিপ্ট আটকে রাখা বন্ধ করার পরিকল্পনাকে অনুসরণ করে

2023 অর্থবছরের বাজেটে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শাস্তিমূলক ঋণ-সংগ্রহের অনুশীলন বন্ধ করার বিধিমালা রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) ট্রাস্টি বোর্ড সোমবার একটি নীতি স্থায়ীভাবে বন্ধ করার ভোট প্রদান করেছে যেসকল শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটদের কাছে ইউনিভার্সিটির অপরিশোধিত টিউশন ব্যালেন্স ও ফি পাওয়া আছে তাদের আনুষ্ঠানিক ট্রান্সক্রিপ্ট ও ভর্তির যাচাইকরণ প্রদান CUNY-র কলেজসমূহের জন্য নিষিদ্ধ করতো। এই পদক্ষেপ 2021 সালের আগস্টে CUNY কর্তৃক এই নীতি স্থগিত করাকে অনুসরণ করে। গভর্নর হোকল 2022 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) এই অনুশীলন বন্ধ করার প্রস্তাবনা করেন এবং এর পরে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) বোর্ডও ট্রান্সক্রিপ্ট আটকে রাখা বন্ধ করার ঘোষণা দিয়েছে। এছাড়াও গভর্নর হোকলের অর্থবছর 2023 বাজেটে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে এই অনুশীলন বন্ধ করার বিধিমালা অন্তর্ভুক্ত রয়েছে।

"শিক্ষার্থীরা তাদের শিক্ষা চলাকালীন পুরো সময়ে কঠোর পরিশ্রম করে এবং অর্থ পরিশোধ না করার জন্য তাদের ট্রান্সক্রিপ্ট আটকে রাখা একটি বর্বর প্রথা যা আমাদের সবস্থান থেকে নির্মূল করতে হবে," **গভর্নর হোকল বলেন।**"নিউ ইয়র্কবাসীরা এবং যারা আমাদের স্টেটে স্কুলে পড়তে আসে, তাদের কেউই সফলভাবে সম্মুখে অগ্রসর হতে পারবে না যদি তারা এমন আর্থিক সমস্যার সম্মুখীন হয় যা তাদের সুযোগ পেতে দেয় না। আমি এই অনুশীলন বন্ধ করার জন্য CUNY-র প্রশংসা করছি এবং নিউ ইয়র্কের সকল শিক্ষার্থী যাতে ট্রান্সক্রিপ্ট আটকে রাখা থেকে মুক্ত হতে পারে সেজন্য কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

সিদ্ধান্তটি এজন্যও এসেছে যেহেতু পুরো দেশের কলেজ ও ইউনিভার্সিটিগুলি শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটদের থেকে ঋণ সংগ্রহের উপায় হিসেবে ট্রান্সক্রিপ্ট আটকে রাখার পদ্ধতি ব্যবহার নিয়ে চিন্তা করে দেখছে। যদিও CUNY-র 76 শতাংশ শিক্ষার্থী ঋণমুক্তভাবে গ্র্যাজুয়েট করে, তবুও অনেকে এমন আর্থিক প্রতিবন্ধকতার সম্মুখীন হয় যার ফলে তারা টিউশন ও ফি পরিশোধ

করতে পারে না। কোনও কোনও ক্ষেত্রে, এই ক্ষুদ্র আউটস্ট্যান্ডিং ব্যালেন্স হয় কর্মকাণ্ডের ফি, লাইব্রেরি জরিমানা এবং এই ধরনের অন্য ফি থেকে। একটি একাডেমিক ট্রান্সক্রিপ্ট না পাওয়া এইসব শিক্ষার্থীদের তাদের ডিপ্লোমা পাওয়া থেকে এবং কর্মক্ষেত্রে যোগদান থেকে বা CUNY ও অন্য প্রতিষ্ঠানে তাদের শিক্ষা অব্যাহত রাখা থেকে বিরত রাখে।

এই ট্রান্সক্রিপ্ট আটক নিষিদ্ধ করা জুলাই মাসে CUNY প্রত্যাবর্তন কর্মসূচির (CUNY Comeback Program) ঐতিহাসিক ঘোষণাকে অনুসরণ করে, যা দেশের এধরনের সর্ববৃহৎ ঋণ-মওকুফ উদ্যোগের মাধ্যমে 57,000-র বেশি শিক্ষার্থীর 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অপরিশোধিত টিউশন ও ফি মওকুফ করে দেয়।

প্রত্যাবর্তন কর্মসূচির মাধ্যমে ইউনিভার্সিটির হাজার হাজার ঋণ মওকুফ করে দেওয়া এবং ট্রান্সক্রিপ্ট আটক রাখার অনুশীলন বন্ধ করার পর থেকে CUNY 42,852-র বেশি শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট প্রদান করেছে।

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "সহানুভূতিশীল এই পদক্ষেপ আমাদের সকল ক্ষেত্র থেকে আসা সকল শিক্ষার্থীদের জন্য সমতা নিশ্চিত করার ইউনিভার্সিটির মিশনকে জোরদার করে যাতে করে তারা তাদের শিক্ষাসংক্রান্ত ও ক্যারিয়ারের লক্ষ্য অর্জন করতে পারে। যেকোনও পরিস্থিতিতে সকল CUNY শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটকে তাদের একাডেমিক ক্রেডেনশিয়াল যাচাই করতে দেওয়ার মাধ্যমে তাদের নিজেদের শিক্ষায় অগ্রসর হতে বা কর্মক্ষেত্রে প্রবেশ করতে দেওয়া হয়, যাতে তারা নিজেদের ক্যারিয়ার গঠন করে নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রত্যাবর্তন চালিত করতে সাহায্য করতে পারে। আমরা নিউ ইয়র্ক স্টেটে সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে এই অনুশীলন প্রমিত করতে গভর্নর হোকলের আদেশ মান্য করছি। আমরা গভর্নরের নেতৃত্ব ও দৃঢ় বিশ্বাসের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি হলো দেশের সর্ববৃহৎ শহুরে সরকারি ইউনিভার্সিটি, এটি সামাজিক গতিশীলতার একটি রূপান্তরকারী ইঞ্জিন যা নিউ ইয়র্ক সিটির জীবনীশক্তির একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। 1847 সালে দেশের প্রথম বিনামূল্যের সরকারি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান হিসেবে স্থাপিত হওয়া CUNY তে বর্তমানে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে সাতটি কমিউনিটি কলেজ, 11টি সিনিয়র কলেজ এবং সাতটি গ্র্যাজুয়েট বা পেশাদারি সংগঠন রয়েছে, যেখানে 260,000-র বেশি আন্ডার-গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থী রয়েছে এবং এখন থেকে প্রতি বছর 55,000 ডিগ্রি প্রদান করা হয়। CUNY এর মান এবং সাশ্রয়ীতার মিশ্রণটি আইভি লীগের (Ivy League) সমস্ত কলেজের সম্মিলিত অংকের চেয়েও প্রায় ছয়গুণ বেশি মধ্যবিত্ত এবং তারও বেশি নিম্ন-আয়ের শিক্ষার্থীকে সম্মুখে এগিয়ে নেয়। বিশ্ববিদ্যালয়ের 80 শতাংশেরও বেশি গ্রাজুয়েট যারা নিউ ইয়র্কে অবস্থান করেন, তারা শহরের অর্থনৈতিক, নাগরিক এবং সাংস্কৃতিক জীবনের সমস্ত দিকগুলিতে অবদান রাখেন এবং প্রতিটি ক্ষেত্রে নগরীর কর্মশক্তিকে বৈচিত্র্যময় করে তোলেন। CUNY এর গ্রাজুয়েট এবং অনুষদরা অনেক সম্মানজনক পদক পেয়েছেন, 13টি নোবেল পুরষ্কার এবং 26টি ম্যাকআর্থার "জিনিয়াস" গ্র্যান্ট (MacArthur "Genius" Grant) সহ। ইউনিভার্সিটির ঐতিহাসিক যাত্রা আজও অব্যাহত রয়েছে: ধরন বা পটভূমি নির্বিশেষে সকল শিক্ষার্থীদের জন্য যা প্রথম স্তরের গণ শিক্ষা প্রদান করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন